# সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ২৯৪৩

৪৯/ কিরাআত (كتاب القراءات عن رسول الله ﷺ)

পরিচ্ছেদঃ কুরআন নাযিল হয়েছে সাত হরফে

بَابُ مَا جَاءَ أُنْزِلَ الْقُرْآنُ عَلَى سَبْعَةِ أَحْرُفٍ

আরবী

حَدَّثَنَا أَحْمَدُ بْنُ مَنِيعٍ، حَدَّثَنَا الْحَسَنُ بْنُ مُوسَى، حَدَّثَنَا شَيْبَانُ، عَنْ عَاصِمٍ، عَنْ زِرِّ بْنِ حُبَيْشٍ، عَنْ أُبَىِّ بْنِ كَعْبٍ، قَالَ لَقِيَ رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم جِبْرِيلَ فَقَالَ ‏"‏ يَا جِبْرِيلُ إِنِّي بُعِثْتُ إِلَى أُمَّةٍ أُمِّيِّينَ مِنْهُمُ الْعَجُوزُ وَالشَّيْخُ الْكَبِيرُ وَالْغُلاَمُ وَالْجَارِيَةُ وَالرَّجُلُ الَّذِي لَمْ يَقْرَأْ كِتَابًا قَطُّ ‏"‏ ‏.‏ قَالَ يَا مُحَمَّدُ إِنَّ الْقُرْآنَ أُنْزِلَ عَلَى سَبْعَةِ أَحْرُفٍ ‏.‏ وَفِي الْبَابِ عَنْ عُمَرَ وَحُذَيْفَةَ بْنِ الْيَمَانِ وَأُمِّ أَيُّوبَ وَهِيَ امْرَأَةُ أَبِي أَيُّوبَ وَسَمُرَةَ وَابْنِ عَبَّاسٍ وَأَبِي هُرَيْرَةَ وَأَبِي جُهَيْمِ بْنِ الْحَارِثِ بْنِ الصِّمَّةِ وَعَمْرِو بْنِ الْعَاصِ وَأَبِي بَكْرَةَ ‏.‏ قَالَ أَبُو عِيسَى هَذَا حَدِيثٌ حَسَنٌ صَحِيحٌ وَقَدْ رُوِيَ مِنْ غَيْرِ وَجْهٍ عَنْ أُبَىِّ بْنِ كَعْبٍ ‏.‏

বাংলা

২৯৪৩. আহমদ ইবন মানী’ (রহঃ) ...... উবাই কা’ব রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত যে, তিনি বলেন, রাসূলুল্লাহ্ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর সঙ্গে জিবরীল (আঃ)-এর সাক্ষাৎ হয়। তিনি তাঁকে বললেন, হে জিবরীল, আমি তো এক উম্মী-উম্মতের প্রতি প্রেরিত হয়েছি। এদের মধ্যে বৃদ্ধ-দৃদ্ধা, বালক-বালিকা এবং এমন অনেক ব্যক্তি যারা কখনও কোন কিতাব পাঠ করেনি। তিনি বললেনঃ হে মুহাম্মাদ, কুরআন সাত হরফে নাযিল হয়েছে।

হাসান সহীহ, সহীহ আবু দাউদ ১৩২৮, তিরমিজী হাদিস নম্বরঃ ২৯৪৪ [আল মাদানী প্রকাশনী]

এই বিষয়ে উমর, হুযাইফা ইবনুল ইয়ামান, আবূ হুরায়রা, আবূ আয়্যুব আনসারী-এর স্ত্রী উম্মু আয়্যুব, সামুরা, ইবন আব্বাস, আবূ জুহায়ম ইবনিল হারিছ ইবন সিম্মা রাদিয়াল্লাহু আনহুম থেকেও হাদীস বর্ণিত আছে। এই হাদীসটি হাসান-সহীহ। উবাই ইবন কা’ব রাদিয়াল্লাহু আনহু থেকে অন্যভাবেও বর্ণিত আছে।

## English

Narrated Ubayy bin Ka'b:
"The Messenger of Allah (ﷺ) met Jibra'il and said: 'O Jibra'il! I have been sent to an illiterate nation among whom are the elderly woman, the old man, the boy and the girl, and the man who cannot read a book at all.' He said: 'O Muhammad! Indeed the Qur'an was revealed in seven modes.'"

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন  বর্ণনাকারীঃ উবাই ইবনু কা‘ব (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=38295

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন